সংবাদ

তারিখ 18 DEC 2015
পৃষ্ঠা ৩ কলাম ৫

# কুবিতে বিতর্ক অনুষ্ঠানে আমন্ত্রণ না করায় ছাত্রলীগের বাধা

প্রতিনিধি, কুমিল্লা

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) কুমিল্লা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির আয়োজনে দ্বিতীয় আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান গতকাল কুবি ক্যাম্পাসের কাঁঠাল তলায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে আমন্ত্রণ না করায় অনুষ্ঠান মঞ্চের ব্যানার ছিঁড়ে ফেলে ও চেয়ার ছোড়াছুড়ি করে অনুষ্ঠান ভণ্ডুলের চেষ্টা করে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ।

জানা যায়, কুমিল্লা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির আয়োজনে দ্বিতীয় আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের জন্য বৃহস্পতিবার সকালে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মঞ্চ সাজানো হচ্ছিল। এ সময় কুবি শাখা ছাত্রলীগের নেতাকর্মীরা এসে আয়োজক শিক্ষার্থীদের রাজনৈতিক প্রতিপক্ষ দাবি করে মঞ্চের ব্যানার ছিঁড়ে ফেলে। পরে প্রক্টরিয়াল বডির সদস্যরা আসলে তাদের সঙ্গেও ছাত্রলীগ নেতাকর্মীদের বাকবিতণ্ডা হয়। এতে নির্ধারিত সময়ের অনেক পরে এ প্রতিযোগিতা অনুষ্ঠান শুরু হয়। ফাইনাল এ বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ ও ব্যবস্থাপনা শিক্ষা বিভাগ।

অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আশরাফ। কুমিল্লা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির মডারেটর ও নৃ-বিজ্ঞান বিভাগের প্রভাষক মো. আসাদুজ্জামান বলেন, আয়োজকরা নেতাকর্মীদের আমন্ত্রণ জানায়নি। এতে তারা ক্ষুব্ধ হয়ে ২/৩টি চেয়ার ছুড়ে মেরেছে। পরে শিক্ষকরা আসার পর বিষয়টি নিয়ে আলোচনা করে সুরাহা করা হয়েছে।